

# আয় আরো বেঁধে বেঁধে থাকি। কবি : শঙ্খ ঘোষ।

## গুরুত্বপূর্ণ প্রশ্নাবলী।

ক. 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় কবির আশা ও নিরাশা কীভাবে প্রকাশিত হয়েছে লেখো। (HOT) ৩

খ. 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় কবি একটি রাষ্ট্রীয় বিপর্যয়কে বোঝাতে গিয়ে কেন পাহাড়ি পথের দুর্গমতাকে তুলে ধরেছেন বলে তুমি মনে করো। (HOT) ৩

গ. "আমরা ভিখারি বারোমাস" - মূল কাব্যগ্রন্থের নাম উল্লেখ করে পংক্তিটির উৎস নির্ণয় করো। কারা, কেন ভিখারি বারোমাস? 'বারোমাস' বলতে কী বোঝানো হয়েছে?  
২+২+১

ঘ. "আমাদের শিশুদের শব / ছড়ানো রয়েছে কাছে দূরে!" - কোন পরিস্থিতিতে বক্তা এমন মন্তব্য করেছেন? 'শিশুদের শব' কথাটির তাৎপর্য নির্ণয় করো। ২+৩

ঙ. কবি শঙ্খ ঘোষের প্রাপ্ত দুটি পুরস্কারের নাম লেখো। ২

চ. "আমরাও তবে এইভাবে / এ-মুহূর্তে মরে যাব নাকি?" - কার লেখা, কোন কবিতার অংশ? কবি কেন এমন সংশয় প্রকাশ করেছেন? ২+৩

ছ. "আমাদের ইতিহাস নেই / ... আমাদের চোখমুখ ঢাকা" - কাদের কোনো ইতিহাস নেই? কেনই বা উক্ত ব্যক্তিদের চোখমুখ ঢাকা? ১+৩

জ. "পৃথিবী হয়তো বেঁচে আছে / পৃথিবী হয়তো গেছে মরে" - কাদের এমন বক্তব্য? পৃথিবী বেঁচে থাকা বা মরে যাওয়াতে তারা এমন নিরুত্তাপ কেন? ১+৩

ঝ. "তবু তো কজন আছি বাকি" - এই 'কজন' কারা? এই কজনের কাছে কবি কী প্রত্যাশা করেছেন? ১+৩

ঞ. "আয় আরো বেঁধে বেঁধে থাকি" কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১

ট. কবি শঙ্খ ঘোষের প্রকৃত নাম ও ছদ্মনাম কী? ২

ঠ. কবি শঙ্খ ঘোষের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১

ড. 'কুন্তক' ছদ্মনামে কবির লেখা একটা কাব্যগ্রন্থের নাম লেখো। ১

ঢ. শঙ্খ ঘোষের লেখা দুটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের নাম লেখো। ২

ণ. শঙ্খ ঘোষের লেখা দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। ২